PG Even Semester (CBCS) Exam., May—2017

বাংলা

(2nd Semester)

পাঠক্রম নং : BNGCC–205

(বাংলা সাহিত্যে প্রাচ্য ও পাশ্চাত্য প্রভাব)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। ‘প্রাচীন সাহিত্য’ গ্রন্থের প্রবন্ধপ্রকাশক পত্রিকাগুলির নাম লেখো। ‘‘ ‘রামায়ণ’-এর প্রধান বিশেষত্ব এই যে, তাহা ঘরের কথাকেই অত্যন্ত বৃহৎ করিয়া দেখাইয়াছে।’’ প্রবন্ধানুসরণে মন্তব্যের যাথার্থ্য বিচার করো। ৩+১১=১৪

২। ‘ধম্মপদ’-এর মূল ব্যাখ্যা ও বঙ্গানুবাদসহ এর সংকলক ও প্রকাশকের নাম লেখো। প্রবন্ধানুসরণে ভারতীয় সংস্কৃতি ও সভ্যতার বৈশিষ্ট্য নিরূপণ করো। ২+১২=১৪

খ—গুচ্ছ

৩। উনিশ শতকের বাংলায় শেক্সপীয়রের নাটক অনুবাদের প্রবল প্রেরণার কারণগুলি কী কী? গিরিশচন্দ্র ভারতীয় নাট্যঐতিহ্য গ্রহণ করেও বলেছেন, ‘‘মহাকবি শেক্সপীয়রই আমার আদর্শ। তাঁরই পদাঙ্ক অনুসরণ করে চলেছি’’। গিরিশচন্দ্রের নাটক আলোচনা সাপেক্ষে এই উক্তির যাথার্থ্য বিচার করো। ৩+১১=১৪

৪। দুটি ইংরেজি ঐতিহাসিক নাটকের নাম লেখো। দ্বিজেন্দ্রলাল রায়ের নাটকে পাশ্চাত্য ঐতিহাসিক নাটকের প্রভাবের স্বরূপ আলোচনা করো। ২+১২=১৪

গ—গুচ্ছ

৫। আখ্যান বলতে কি বোঝ? গার্হস্থ জীবন বর্ণনার যে ধারা ভারতীয় আখ্যানে প্রচলিত ছিল, তারকনাথ গঙ্গোপাধ্যায় তার সার্থক উত্তরসূরি। তারকনাথ গঙ্গোপাধ্যায়ের উপন্যাস আলোচনা করে বিষয়টি স্পষ্ট করো। ২+১২=১৪

৬। মধ্যযুগের কোন্ কবির, কোন্ কাব্যের মধ্যে শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় উপন্যাসের গুণাবলীর খোঁজ পেয়েছিলেন? রূপকথা তার অবাস্তবতা সত্ত্বেও উপন্যাসের দিকে অধিক অগ্রসর হয়েছে। বাংলা উপন্যাসে ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় তার প্রথম রূপকার। বিশ্লেষণ করো। ২+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। দুজন আধুনিক পাশ্চাত্য কবির নাম লেখো। ‘‘আধুনিক বাঙালি কবিরা এলিয়টের মধ্যেই উপলব্ধি করলেন সমাজ ও জীবন সম্পর্কিত তাঁদের ভাবনার পূর্ণরূপ।’’ পাঠ্য দুজন কবির কাব্যালোচনা সাপেক্ষে এই ভাবনার যাথার্থ্য বিচার করো। ২+১২=১৪

৮। ‘রবীন্দ্রকাব্যে পশ্চিমালোক’ গ্রন্থটির লেখক কে? ডব্লিউ. বি. ইয়েট্স-এর (W. B. Yeats) একটি কাব্যের নাম লেখো। রবীন্দ্রপরবর্তী বাংলা কাব্যে কবি ইয়েট্স-এর প্রতীকীচেতনা ও ইন্দ্রিয়ময়তার প্রভাব সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

১+১+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। জাদুবাস্তবতা বলতে কি বোঝ? জাদুবাস্তবতার ধরনকে আফসার আমেদ তাঁর উপন্যাসে অপ্রাতিষ্ঠানিক বাস্তবের সৃজনশীলতায় রূপান্তরিত করতে চেয়েছেন। আলোচনা করো। ২+১২=১৪

১০। ‘নিঃসঙ্গতার একশ বছর’ (*One Hundred Years of Solitude*) গ্রন্থটির লেখক কে? গ্রন্থটি কত সালে প্রথম প্রকাশিত হয়? ঐন্দ্রজালিক বাস্তবের আকল্প যেভাবে পুনর্নির্মাণ করতে চেয়েছেন অমর মিত্র তাঁর উপন্যাসসমূহে, তা বিশদভাবে আলোচনা করো। ১+১+১২=১৪

★★★